১

আজকের কাগজ

তারিখ ... 18 MAY 1996
পৃষ্ঠা ৬ কলাম ৮

# কসবায় শিক্ষা কর্মসূচির গম আত্মসাতের অভিযোগ

ব্রাহ্মণবাড়িয়ার কসবা থানার পাতারিয়াদার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে প্রকাশ পাতারিয়াদার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গত ২ বছর যাবত ৪০ জন ছাত্রছাত্রীর নামের অতিরিক্ত গম উত্তোলন করে। এ ব্যাপারে বজনগর গ্রামের কুতুব মিঞা গত ৭ মার্চ কসবা থানা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করলে কর্মকর্তা ওই দিন বিকেল ৪টায় বিদ্যালয় পরিদর্শনে যান ও প্রায় চার শ' কেজি গম উদ্ধার করেন এবং জনগণকে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে আশ্বাস দেন। এলাকার জনগণ জানান থানা নির্বাহী কর্মকর্তা তিন মাস আগে গম নিয়ে গেলেও এখনো পর্যন্ত এর কোনো ব্যবস্থা নেননি। কসবা থেকে রুহুল আমীন।